# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৮২

১/ বিবিধ

আরবী

من أنكر خروج المهدي فقد كفر بما أنزل على محمد، ومن أنكر نزول عيسى بن مريم فقد كفر، ومن أنكر خروج الدجال فقد كفر، ومن لم يؤمن بالقدر خيره وشره فقد كفر، فإن جبريل عليه السلام أخبرني بأن الله تعالى يقول: من لم يؤمن بالقدر خيره وشره فليتخذ ربا غيري
باطل

رواه أبو بكر الكلاباذي في " مفتاح معاني الآثار " (265/1 ـ 2) : حدثنا محمد ابن الحسن بن علي حدثنا أبو عبد الله الحسين بن محمد بن أحمد: حدثنا إسماعيل ابن أبي إدريس: حدثنا مالك بن أنس: حدثنا محمد بن المنكدر عن جابر مرفوعا
قلت: وهذا حديث باطل، المتهم به شيخ الكلاباذي محمد بن الحسن، أوشيخه الحسين بن محمد بن أحمد، فقد جاء في " الميزان
محمد بن الحسن بن علي بن راشد الأنصاري، عن وراق الحميدي، فذكر حديثا موضوعا في الدعاء عند الملتزم، وأقره الحافظ في " اللسان " وزاد عليه فقال:
ووجدت في " كتاب معاني الأخبار " للكلاباذي خبرا موضوعا
ثم ذكره بإسناد كما نقلناه عنه، إلا أنه وقع فيه عنده تحريف في بعض الأسماء، وقال عقبه مشيرا إلى الأنصاري هذا الذي ترجمه الذهبي
وقد غلب على ظني أنه هذا، وشيخه ما عرفته بعد البحث عنه
وقال في ترجمة شيخه الحسين بن محمد بن أحمد

عن إسماعيل بن أبي أويس عن مالك بخبر باطل مضى ذكره قفي ترجمة محمد بن الحسن ابن علي بن راشد
وقوله: " مضى " سبق قلم منه رحمه الله، والصواب: " يأتي " كما هو ظاهر، وقول المصحح في تعليقه على " اللسان
هكذا في الأصل، ولكن كيف يمكن مضيه من قبل، ولم يأت إلى الآن من اسمه محمد؟ ! فلعله تصحيف اسم آخر
وأقول: لا تصحيف، ولورجع إلى ترجمة محمد بن الحسن، لوجد فيها الحديث المشار إليه، ولعلم أن الخطأ في قوله " مضى "، والله أعلم
واعلم أن الإيمان بكل ما ذكر في هذا الحديث من خروج المهدي، ونزول عيسى، وبالقدر خيره وشره، كل ذلك واجب الإيمان به، لثبوته في الكتاب والسنة، ولكن ليس هناك نص في أن " من أنكر ذلك فقد كفر "، ومن أجل هذا أوردت الحديث وبينت وضعه، وهو ظاهر الوضع، وكأنه من وضع بعض المحدثين أوغيره من الجهلة، وضعه ليقيم به الحجة على منكري ذلك من ذوي الأهواء والمعتزلة، ولن تقوم الحجة على أحد بالكذب على رسول الله صلى الله عليه وسلم والافتراء على الله تعالى، فقاتل الله الوضاعين ما أجرأهم على الله عز وجل
والتكفير ليس بالأمر السهل، نعم من أنكر ما ثبت من الدين بالضرورة بعدما قامت الحجة عليه، فهو الكافر الذي يتحقق فيه حقيقة معنى كفر، وأما من أنكر شيئا لعدم ثبوته عنده، أولشبهة من حيث المعنى، فهو ضال، وليس بكافر مرتد عن الدين شأنه في ذلك شأن من ينكر أي حديث صحيح عند أهل العلم، والله أعلم

বাংলা

১০৮২। যে ব্যক্তি মাহদী বের হওয়াকে অস্বীকার করল সে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর যা নাযিল করা হয়েছে তার সাথে কুফরী করল। যে ব্যক্তি ঈসা ইবনু মারিয়ামের নাযিল হওয়াকে (অবতরণ করাকে) অস্বীকার করল সে কুফরী করল। যে ব্যক্তি দাজ্জাল বের হওয়াকে অস্বীকার করল সে কুকরী করল। যে ব্যক্তি তাকদীরের ভাল-মন্দের উপর ঈমান আনল না সে ব্যক্তি কুফরী করল। কারণ জীবরীল (আঃ) আমাকে সংবাদ

দিয়েছেন যে, আল্লাহ তা'আলা বলেছেনঃ যে ব্যক্তি তাকদীরের ভাল-মন্দের উপর ঈমান আনল না সে যেন আমাকে ছাড়া অন্য কাওকে প্রভু হিসেবে গ্রহণ করে।

হাদীসটি বাতিল।

এটি আবু বাকর কালাবাযী “মিফতাহু মা'য়ানীল আসার” গ্রন্থে (২৬৫/১-২) মুহাম্মাদ ইবনুল হাসান ইবনে আলী হতে, তিনি আবু আদিল্লাহ আল-হুসাইন ইবনু মুহাম্মাদ ইবনে আহমাদ হতে, তিনি ইসমাইল ইবনু আবী ইদরীস হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ হাদীসটি বাতিল। কালাবাযীর শাইখ মুহাম্মাদ ইবনুল হাসান অথবা তার শাইখ আল-হুসাইন ইবনু মুহাম্মাদ এটিকে জাল করার দোষে দোষী। "আল-মীযান" গ্রন্থে এসেছেঃ মুহাম্মাদ ইবনুল হাসান ইবনে আলী আনসারী আররাক আল-হুমায়দী হতে মুলতাযামের নিকট দু'আর বিষয়ে একটি বানোয়াট হাদীস উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার "আল-লিসন" গ্রন্থে তা স্বীকার করে বলেছেনঃ আমি কালাবাযীর "কিতাবু মায়ানীল আসার" গ্রন্থে একটি বানোয়াট হাদীস পেয়েছি।

অতঃপর তিনি হাদীসটি তার সনদসহ আমরা যেভাবে উল্লেখ করেছি সেভাবে উল্লেখ করেছেন। তবে তিনি কোন বর্ণনাকারীর নামে উল্টা করেছেন।

তিনি তার (মুহাম্মাদ ইবনুল হাসানের) শাইখ হুসাইন ইবনু মুহাম্মাদ ইবনে আহমাদের জীবনীতে বলেনঃ তিনি ইসমাঈল ইবনু আবী উওয়ায়েস হতে, তিনি মালেক হতে বাতিল হাদীস বর্ণনা করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71961

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন